

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dtca.gov.bd

স্মারক নং- ৩৫.০২.০০০০.০০৫.২২.০০১.২৩-০৪


তারিখ: ১৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ “সাপোর্টিং দ্য গুড গভর্ন্যান্স প্রোগ্রাম” প্রকল্পের আওতায় অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত জানুয়ারি, ২০২৪ মাসের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, তদন্ত ও শৃঙ্খলা অধিশাখার স্মারক নং- ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৮.১৭-৩২০ তারিখঃ ১৯-১০-২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “সাপোর্টিং দ্য গুড গভর্ন্যান্স প্রোগ্রাম” প্রকল্পের আওতায় অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে জিআরএস ওয়েবসাইটের মাধ্যমে জানুয়ারি, ২০২৪ মাসে ৬ টি অভিযোগ পাওয়া যায়। প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০১ টি ডিটিসিএ’র র‍্যাপিড পাস হারানো সংক্রান্ত, যা সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (জনাব রাশিদা সুলতানা, প্রোগ্রামার, ক্লিয়ারিং হাউস এডমিনিস্ট্রেটর) এর নিকট প্রেরণ করা হয়েছে। অভিযোগটির নিষ্পত্তির সময়সীমা ০৪ ফেব্রুয়ারি, ২০২৪। অভিযোগটি ০৪-০২-২০২৪ তারিখে নিষ্পত্তি করা হয়। বাকি ০৫ টি অভিযোগের মধ্যে ৪ টি ড্রাইভিং লাইসেন্স পরীক্ষা সংক্রান্ত এবং ১ টি ড্রাইভিং লাইসেন্স নবায়ন সংক্রান্ত হওয়ায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) বরাবর প্রেরণ করা হয়েছে।

২। ডিটিসিএ-এর অভিযোগ বক্সের মাধ্যমে অন্য কোন অভিযোগ পাওয়া যায়নি। বিষয়টি সদয় অবহিত করা হলো।



মোঃ নাজমুল হক
পরিচালক (প্রশাসন)

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ(ডিটিসিএ)
ফোনঃ ০২২২৩৩৮৮৬৪৩

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
(দূ: আ: অতিরিক্ত সচিব, তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (অবগতির জন্য):

- ১। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (ডিটিসিএ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), ডিটিসিএ।
- ২। নির্বাহী পরিচালকের একান্ত সচিব (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিটিসিএ।
- ৩। অফিস কপি/মাস্টার কপি।